



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩২২০/১/ময়মনসিংহ-১১৮/

তারিখঃ ০২.০৪.২০১৯খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র:** ১। ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার স্মারক নং-ডিআইডিএম/কমি/অনু/১২৮ (০২)২০১৬; তারিখ: ০৮/০৯/২০১৬।
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-প্রশা/১৪৭৯/নথি নং ময়মনসিংহ-১১৮; তারিখ: ২৭/১০/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির মেয়াদ এবং কমিটির মেয়াদ শেষ হয়েছে যথাক্রমে ৩২/১২/২০০৫ ও ১৪/০৯/২০১৬ তারিখে। নথি পর্যালোচনা করে দেখা যায়, মাদ্রাসা প্রধানকে সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকের মাধ্যমে ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য আবেদন করেন। উক্ত আবেদনে পরিপ্রেক্ষিতে হালনাগাদ একাডেমিক স্বীকৃতির কপি জমা দেয়ার জন্য মাদ্রাসা প্রধানকে সূত্রোক্ত ০২ (দুই) নং স্মারকের মাধ্যমে পত্র দেয়া হয় যা অদ্যাবধি প্রেরণ করা হয়নি। (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় দীর্ঘদিন কমিটি ও স্বীকৃতি নবায়ন বিহীন কিভাবে প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে এবং শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন ও বন্টন করা হচ্ছে তার সুনির্দিষ্ট ব্যাখ্যা নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৪.২০১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার

ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা

ডাকঘর: ধানীখোলা, উপজেলা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ।